



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

জেলা কার্যালয়

অশোকতলা, কুমিল্লা

www.bscic.comilla.gov.bd

স্মারক সংখ্যা-৩৬.০২.১৯০০.০০১.০৭.০০১.০৭/৬৭ (২১)

তারিখ ০৬ আশ্বিন ১৪২৮
২১ সেপ্টেম্বর ২০১১

বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন আইন, ১৯৫৭ এর ধারা- ২৪ (ক) অনুযায়ী গত ৬৪(চৌষট্টি) বছর যাবৎ বিসিক ক্ষুদ্র ও কুটির শিল্পের নিবন্ধনপত্র প্রদান করে আসছে। সময়ের পরিক্রমায় ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ এর তফসিল সংশোধনের মাধ্যমে বিসিকের নাম অন্তর্ভুক্ত হওয়ায় বিসিক সারা দেশে ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে শিল্পের নিবন্ধনসহ নানাবিধ সেবা প্রদান করছে। বর্তমানে বিসিক ওয়ান স্টপ সেবার মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পের নিবন্ধনপত্র প্রদান করছে। বিসিক রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান ও এখাতের পোষক কর্তৃপক্ষ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে নিবন্ধিত শিল্প প্রতিষ্ঠানসমূহকে যেসকল সুযোগ সুবিধা প্রদান করে আসছে তা নিম্নরূপ:

০১।	ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে কুটির, মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পের পুনঃনিবন্ধনপত্র প্রদান;
০২।	বিসিক কর্তৃক বাস্তবায়িত শিল্পনগরীসমূহে স্বল্প মূল্যে শিল্প প্লট বরাদ্দের সুবিধা;
০৩।	নিবন্ধিত শিল্প প্রতিষ্ঠানের বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধের ক্ষেত্রে রেয়াত;
০৪।	কাঁচামাল আমদানি ও রপ্তানি শুল্ক মওকুফের বিষয়ে সুপারিশ;
০৫।	যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ, উপকরণ এবং কাঁচামালের আমদানি সংক্রান্ত প্রাধিকারের সুবিধা/ আইআরসি ও ইআরসি লাভে সুপারিশ;
০৬।	রয়্যালটির শর্ত, কারিগরি জ্ঞান ও কারিগরি ব্যবহারিক জ্ঞান ও কারিগরি সহায়তা;
০৭।	বৃহৎ ও মাঝারি শিল্পে ক্ষুদ্র ও কুটির শিল্পজাত পণ্য সরবরাহের লক্ষ্যে বৃহৎ ও মাঝারি শিল্পের সাথে ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যবসায়িক সম্পর্ক স্থাপন এবং চুক্তিবদ্ধ হতে সহায়তা;
০৮।	অধুনায় বিসিক শিল্পনগরীসমূহ পরিবেশবান্ধব বিধায় সহজেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণের সুবিধা;
০৯।	রুগ্ন শিল্পের ডায়াগনোসিস স্টাডি করে রুগ্নতা নিরসনের পরামর্শ পাওয়ার সুবিধা;
১০।	বিসিকের জেলা কার্যালয় ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে কারিগরি তথ্য, পরামর্শ ও প্রশিক্ষণ প্রাপ্তির সুবিধা;
১১।	৪% সুদে বিসিকের প্রণোদনা ঋণের সুবিধা; ১০% হারে বিসিকের নিজস্ব তহবিল ঋণ সুবিধা ও এসএমসিআইএফ ঋণ কর্মসূচি ও তফসিলভুক্ত ব্যাংকসমূহ থেকে ঋণ প্রাপ্তির সুপারিশ;
১২।	লবণ শিল্পের ক্ষেত্রে স্বল্প মূল্যে পটাসিয়াম আয়োডাইড প্রাপ্তির সুবিধা;
১৩।	বিসিক কর্তৃক আয়োজিত স্থানীয় মেলায় সরাসরি অংশগ্রহণের মাধ্যমে পণ্য ক্রয় বিক্রয়ের সুবিধা; করোনাকালীন জেলা ভিত্তিক অনলাইন প্ল্যাটফর্ম 'বিসিক উদ্যোক্তা পরিবার, কুমিল্লা' শীর্ষক ফেইসবুক গ্রুপের মাধ্যমে পণ্য ক্রয় বিক্রয়ের সুবিধা;
১৪।	আন্তর্জাতিক পর্যায়ে মেলায় অংশগ্রহণের জন্য সাচিবিক কাজে ও অনুদান সংগ্রহে সহযোগিতা
১৫।	বিসিক অনলাইন মার্কেটের মাধ্যমে (www.bscic-emarket.gov.bd) পণ্য ক্রয় বিক্রয়ের সুবিধাসহ নানাবিধ সুবিধা

২। এমতাবস্থায়, বিসিক জেলা কার্যালয়, কুমিল্লা'র অধীন সকল অনিবন্ধিত শিল্প প্রতিষ্ঠানের উদ্যোক্তা বা প্রকল্প স্থাপনে আগ্রহী নতুন উদ্যোক্তাগণকে বিসিকের নিবন্ধন গ্রহণ করে বেধভাবে শিল্প প্রতিষ্ঠান পরিচালনার জন্য পরামর্শ প্রদান করা হলো।

(মোঃ মেহরাজ উদ্দিন)

উপমহাব্যবস্থাপক

বিসিক জেলা কার্যালয়, কুমিল্লা

ফোনঃ ০৮১৭৬৪৮৪

ইমেইলঃ isccomilla@bscic.gov.bd

বিতরণ:

১। নোটিশ বোর্ড (জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, আদর্শ সদর/দেবিদ্বার/হোমনা/সদর দক্ষিণ/বরুড়া/ দাউদ কান্দি/ব্রাহ্মণপাড়া/বুড়িচং/চৌদ্দগ্রাম/মুরাদনগর/মনোহরগঞ্জ/লাকসাম/নাঙ্গালকোট/তিতাস/চান্দিনা/মেঘনা/ লালমাই/bscic.comilla.gov.bd.)

জ্ঞাতার্থে:

১। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।